PSO
PR-upload

কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

জয়দেবপুর, গাজীপুর

স্মারক নং- ৫অ-১০/২০১৬/প্রশাসন/(অংশ-১)/ ২২৪৯ তারিখঃ ২৭/৮/১৮

জনাব মোঃ আব্দুল হক (**BARI1602**)
গাড়ীচালক
পরিবহন শাখা
বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর

বিষয়ঃ অবসর উত্তর ছুটি মঞ্জুরী প্রসঙ্গে।

সূত্রঃঅর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০/অংশ-৩/৬২ তারিখ: ০৬-০৪-২০১০খ্রি.।

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের রেকর্ড অনুযায়ী আপনার জন্ম তারিখ ০১-০১-১৯৬০ খ্রি. বিধায় আগামী ৩১-১২-২০১৮ খ্রি. তারিখে আপনার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে। সূত্রস্থ পত্র মোতাবেক আপনার ৫৯ (উনষাট) বছর পূর্ণ হওয়ায় উক্ত দিনে আপনার অবসর গ্রহণের দিন হিসেবে গন্য হবে এবং বাংলাদেশ সার্ভিস রুলস পার্ট-১ এর বিধি ৭৯ এর বিধান মতে উক্ত দিনটি অকর্ম দিবস (নন-ওয়ার্কিং ডে) হিসেবে গন্য হবে এবং উক্ত দিন হতে অবসর গ্রহণ কার্যকর হবে। তবে ছুটি পাওনা সাপেক্ষে অবসর গ্রহণের জন্য নির্ধারিত উক্ত দিনটির পরবর্তী দিন হতে সর্বোচ্চ ০১ (এক) বছর পর্যন্ত ০১ (এক) জন কর্মচারী অবসর উত্তর ছুটি ভোগ করতে পারেন।

এমতাবস্থায়, আপনাকে চাকরি বহিতে জন্ম তারিখ লিপিবদ্ধকৃত পৃষ্ঠার সত্যায়িত ফটোকপি ও চাকরি বইসহ অবসর উত্তর ছুটি মঞ্জুরের আবেদন পিআরএল গমণের ০৩ (তিন) মাস পূর্বে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। যদি আপনি পিআরএল মঞ্জুরের আবেদন ০৩ (তিন) মাস পূর্বে প্রেরণ না করেন তবে পিআরএল মঞ্জুর ও পেনশনের ক্ষেত্রে কোন জটিলতা সৃষ্টি হলে তার দায়-দায়িত্ব সম্পূর্ণভাবে আপনার উপর বর্তাবে।

২৭/৮/১৮

(মোঃ মাহমুদুল হাসান)
সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) (অ. দা.)
ফোনঃ ৪৯২৭০০১০/৫৪৯২

অনুলিপিঃ

১. পরিচালক (সেবা ও সরবরাহ), বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর
২. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর (ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
৩. উপ-পরিচালক (অর্থ ও হিসাব), বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর
৪. পরিবহন কর্মকর্তা, পরিবহন শাখা, বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর
৬. মাস্টার ফাইল
৭. সংশ্লিষ্ট নথি।